



# বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা।

স্মারক নং বিএসএমএমইউ/অওহি/১৬.৩০/১১০

তারিখঃ ০৪/০৩/২০১৯ খ্রিঃ

## অফিস আদেশ

এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা এবং কর্মচারীগণ বিধি মোতাবেক গোষ্ঠীবীমা সুবিধা পেয়ে থাকেন। বীমা প্রিমিয়ামের অর্ধেক অর্থ শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা এবং কর্মচারীগণ পরিশোধ করে থাকেন যা চাকুরী শেষে ফেরতযোগ্য এবং অবশিষ্ট অর্ধেক বিশ্ববিদ্যালয়ের তহবিল থেকে পরিশোধ করা হয়ে থাকে। তবে বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা এবং কর্মচারী মৃত্যুবরণ করলে বীমা অংকের পুরো সুবিধাই তাহারা পেয়ে থাকেন। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা এবং কর্মচারীদের গোষ্ঠীবীমা ইতিপূর্বে জাতীয় বেতন স্কেল ২০০৫ এবং ২০০৯ অনুসারে বীমা কোম্পানীর সাথে চুক্তি মোতাবেক বীমা প্রিমিয়াম প্রদান করা হতো। জাতীয় বেতন স্কেল ২০১৫ ঘোষণা হলেও একটি কোম্পানীর সাথে চুক্তি থাকায় তা নবায়ন করার সুযোগ ছিল না যা ইতিমধ্যে শেষ হয়েছে। গোষ্ঠী বীমা সম্পাদনের লক্ষ্যে জীবন বীমা কর্পোরেশনের সাথে গত ১৯/০২/২০১৯ খ্রিঃ ৬ বৎসর মেয়াদী চুক্তি হয়েছে। চুক্তি অনুযায়ী বার্ষিক প্রিমিয়াম প্রতি হাজারে ১০(দশ) টাকা (বীমা অংকের) হারে মাসিক বেতন ভাতাদি হতে নিম্নোক্ত হারে গোষ্ঠী বীমার টাকা কর্তন করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হ'ল।

পদবী	শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা কর্তৃক কর্তন	বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদান	মোট মাসিক প্রিমিয়াম	বার্ষিক (টাকা)	বীমা অংক (টাকা)
শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা:	৪১৬.৬৭	৪১৬.৬৭	৮৩৩.৩৪	১০,০০০	১০,০০,০০০
তৃতীয় শ্রেণি	১৬৬.৬৭	১৬৬.৬৭	৩৩৩.৩৪	৪,০০০	৪,০০,০০০
চতুর্থ শ্রেণি	১২৫.০০	১২৫.০০	২৫০.০০	৩,০০০	৩,০০,০০০

এই আদেশ মার্চ ২০১৯ খ্রিঃ মাসের বেতন ভাতাদি হতে কার্যকর হবে।

স্বাঃ

(মোঃ আবদুস সোবহান)

পরিচালক (অর্থ ও হিসাব)

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১. সকল চেয়ারম্যান/অফিস প্রধান..... বিএসএমএমইউ।
২. প্রেসিডেন্ট, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
৩. ইনচার্জ, আইটি সেল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় [ওয়েব সাইটে প্রকাশের জন্য]
৪. একান্ত সচিব, মাননীয় ডাইস চ্যান্সেলর, প্রো-ডাইস চ্যান্সেলরগণ, কোষাধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
৫. বেতনকারী..... অর্থ ও হিসাব দপ্তর, বিএসএমএমইউ।
৬. নোটিশ বোর্ড।
৭. অফিস কপি।

(গৌর কুমার মিত্র)

অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব)

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়